

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ১৯/২০১৫

তারিখঃ ১৯/০৪/২০১৫খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

৬ বৈশাখ, ১৪২২বাংলা

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, পরিচালক (নিরাপত্তা) এর দপ্তর স্মারক নং- পরিনিদ/প্রক্সিমিটি আইডি কার্ড/২০১৪/৫০৮, তারিখ-১৬/০৪/২০১৫, সম্মানিত সদস্য/ সদস্যাবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-

মোহাম্মদ মুছা

সচিব

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

পরিচালক (নিরাপত্তা) এর দপ্তর

নং-পরিনিদ/প্রক্সিমিটি আইডি কার্ড/২০১৪/৫০৮

তারিখ-১৬/০৪/২০১৫

বিষয়ঃ চট্টগ্রাম বন্দর ব্যবহারকারী হিসাবে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের মালিক/জেটি সরকার এবং স্থায়ী গেইট পাশ বহনকারীদের ডাটাবেইস প্রস্তুত প্রসঙ্গে।

১। উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দর ব্যবহারকারী হিসাবে সকল প্রতিষ্ঠান/ব্যক্তির তথ্যসমূহ নিরাপত্তা ভবনের ২য় তলায় সার্ভার রুমে ডাটাবেইস এর মাধ্যমে সংরক্ষণ করা হচ্ছে। ডাটাবেইস এর আওতায় আপনার প্রতিষ্ঠান/সংশ্লিষ্ট ব্যক্তির বিভিন্ন তথ্যাদি তালিকাভুক্তি করা হলে পরবর্তীতে একটি প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্স ইস্যু/স্থায়ী গেইট পাশ প্রদান/লাইসেন্স নবায়নের জন্য বিভিন্ন ডকুমেন্টের কপি প্রয়োজন হবে না। ফলে আপনার চাহিদানুযায়ী কার্যক্রম সম্পন্ন করতে সময় অপচয় রোধসহ নানাবিধ জটিলতা পরিহার হবে। তাই সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের মালিক/জেটি সরকার এবং স্থায়ী গেইট পাশ ব্যবহারকারীদের ডাটাবেইস প্রস্তুতের নিমিত্তে স্বশরীরে অফিস চলকালীন সময়ের মধ্যে নিরাপত্তা ভবনের ২য় তলায় সার্ভার কক্ষে যোগাযোগ করতঃ নিম্নবর্ণিত সময়সীমার মধ্যে তথ্যাদি প্রদানের জন্য অনুরোধ করা হলো। তথ্য অন্তর্ভুক্তি করণের লক্ষ্যে যে সমস্ত ডকুমেন্টের (মূলকপি) প্রয়োজন হবে এবং তার তালিকাও নিম্নে উল্লেখ করা হলোঃ

প্রয়োজ্য ডকুমেন্টসমূহঃ

ক।	কাষ্টম এজেন্সী লাইসেন্স	খ।	কাষ্টম সরকার লাইসেন্স
গ।	জেটি মালিক লাইসেন্স	ঘ।	জেটি সরকার লাইসেন্স
ঙ।	ফ্রেইট ফরওয়ার্ড এজেন্সী লাইসেন্স (কাষ্টম)	চ।	শিপিং এজেন্ট লাইসেন্স
ছ।	বন্দরের তালিকাভুক্তির কপি	জ।	জাতীয় পরিচয় পত্র (মূল কপি)
ঝ।	ট্রেড লাইসেন্স (মালিকের)	ঞ।	পাসপোর্ট সাইজ ছবি-১ কপি
ট।	টিন সার্টিফিকেট	ঠ।	ভ্যাট/আয়কর সংক্রান্ত সার্টিফিকেট

প্রয়োজ্য সময়সীমাঃ

ক।	সিএন্ডএফ এজেন্ট	= ১৯/০৪/২০১৫ তারিখ হতে ৩০/০৪/২০১৫ পর্যন্ত
খ।	ফ্রেইট ফরওয়ার্ড	= ০২/০৫/২০১৫ তারিখ হতে ০৮/০৫/২০১৫ পর্যন্ত
গ।	শিপিং এজেন্ট	= ০৯/০৫/২০১৫ তারিখ হতে ১৫/০৫/২০১৫ পর্যন্ত
ঘ।	বার্থ অপারেটর/সাইফ পাঃ টেক	= ১৬/০৫/২০১৫ তারিখ হতে ২৩/০৫/২০১৫ পর্যন্ত
ঙ।	সকল ডিপো	= ২৪/০৫/২০১৫ তারিখ হতে ৩০/০৫/২০১৫ পর্যন্ত

২। বিষয়টি জরুরী বিধায় ডাটাবেইস সংরক্ষণের কাজ দ্রুত সম্পাদনের লক্ষ্যে আপনাদের সহযোগিতা কাম্য।

স্বাক্ষরিত/-

পরিচালক (নিরাপত্তা)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ